Registered No. DA-1

# The Bangladesh Gazette

**Extraordinary**

**Published by Authority**

**THURSDAY, JUNE 13, 1985**

## GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

## MINISTRY OF LABOUR AND MANPOWER

**Section-X**

NOTIFICATION

**Dhaka, the 13th June 1985**

**No. S.R.O. 264-L/85/S-X/M(IO)/85.**—In exercise of the powers conferred by clause (a) of sub-section (I) of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare that the rates of wages recommended by the Minimum Wages Board, Dhaka, for various workers specified in the Schedule below shall be the minimum rates of wages for such workers :

**The Schedule**

বিড়ি তৈয়ারী বিভাগ

(ক) চট্টগ্রাম বিভাগের জন্য

| ক্রমিক নং | শ্রমিক পদবী | | নিম্নতম মজুরী টাকা |
|---|---|---|---|
| ১ | বিড়ি তৈয়ারী শ্রমিক .. | প্রতি ১(এক) হাজার বিড়ি তৈয়ারীর জন্য | ৫·০০ |
| ২ | লেবেল প্যাকিং শ্রমিক .. | প্রতি ১(এক) হাজার লেবেল প্যাকিং-এর জন্য। | ১·০০ |
| ৩ | বিড়ি তৈয়ারী ও লেবেল প্যাকিংসহ শ্রমিক। | প্রতি ১(এক) হাজারের জন্য .. | ৬·০০ |
| ৪ | সুতা দ্বারা বিড়ি তৈয়ারীর জন্য। | প্রতি ১(এক) হাজার বিড়ির বর্তমান প্রাপ্ত মজুরী হইতে ·৭৫ টাকা বৃদ্ধি করিতে হইবে। | |



*Price: 25 Paisa*

(খ) চট্টগ্রাম বিভাগ ছাড়া বাংলাদেশের অন্যান্য বিভাগের জন্য

| | | | টাকা |
|---|---|---|---|
| ১ | বিড়ি তৈয়ারী শ্রমিক .. | প্রতি ১(এক) হাজার বিড়ি তৈয়ারীর জন্য | ১.০০ |
| ২ | লেবেল তৈয়ারী শ্রমিক .. | প্রতি ১(এক) হাজার লেবেল প্যাকিং-এর জন্য। | ১.০০ |
| ৩ | বিড়ি তৈয়ারী ও লেবেল প্যাকিং শ্রমিক। | প্রতি ১(এক) হাজার বিড়ি তৈয়ারীর জন্য | ১০.০০ |
| ৪ | সূতা দ্বারা বিড়ি তৈয়ারীর জন্য। | প্রতি ১(এক) হাজার বিড়ির বর্তমান প্রাপ্ত মজুরী হইতে .৭৫ টাকা বৃদ্ধি করিতে হইবে। | |

তামাক তৈয়ারী বিভাগ

| | | টাকা |
|---|---|---|
| ১ | তামাক ভাংগাই (হাতে), প্রতি ১(এক) মণ .. .. | ১০.০০ |
| ২ | তামাক চিরাই (হাতে), প্রতি ১(এক) মণ .. .. | ৬.০০ |
| ৩ | ডাটা চালানী (হাতে), প্রতি ১(এক) মণ .. .. | ২.৫০ |
| ৪ | চালানী প্যাকিং (হাতে), প্রতি ১(এক) বস্তা .. .. | ৫.০০ |
| ৫ | মিকচার (বিড়ির জন্য)(হাতে), প্রতি ১(এক) মণ .. | ৪.৫০ |
| ৬ | তামাক ভাংগাই (মেশিন) প্রতি ১(এক) মণ .. .. | ৪.০০ |

মাসিকভিত্তিক মজুরী

উল্লেখিত ফুরনভিত্তিক মজুরীর পাশাপাশি সার্বক্ষণিক শ্রমিকদের জন্য সর্বনিম্ন মাসিক মজুরী :—

| পদবী | মূল মজুরী টাকা | প্রান্তিক ভাতা টাকা | মোট টাকা |
|---|---|---|---|
| ১। বিড়ি শ্রমিক .. | ২৭০.০০ | ৩৫৭.০০ | ৬২৭.০০ |

ষ্টাফ/কর্মচারী পদবিন্যাস এবং শ্রেণী বিভাগ

| | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| গ্রেড-১: .. .. | ৩২৫.০০ | ৩৯৮.০০ | ৭২৩.০০ |
| ক্যাশিয়ার<br>একাউন্টটেন্ট<br>ষ্টোরকিপার<br>ড্রাইভার | | | |
| গ্রেড-২: | ৩০০.০০ | ৩৭৫.০০ | ৬৭৫.০০ |
| টেলিফোন অপারেটর<br>টাইপিষ্ট<br>ষ্টোরকিপার এসিষ্টেন্ট | | | |

| | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| গ্রেড-৩: | ২৭০·০০ | ৩৫৭·০০ | ৬২৭·০০ |
| পিয়ন | | | |
| দারোয়ান | | | |
| নাইটগার্ড | | | |
| মালি | | | |
| সুইপার | | | |

বিশেষ দ্রষ্টব্যঃ প্রান্তিক ভাতা বলিতে বুঝায়

| | |
|---|---|
| ১। বাড়ীভাড়া ভাতা— | ৩০% (মূল মজুরীর) নুন্যতম ৯০·০০ টাকা |
| ২। মহার্ঘ ভাতা— | ৬০%(মূল মজুরীর) |
| ৩। চিকিৎসা ভাতা— | ৬০·০০ টাকা মাসিক |
| ৪। যাতায়াত ভাতা— | ২০·০০ টাকা মাসিক |
| ৫। রেশন ভাতা— | ২৫·০০ টাকা মাসিক |

(ফ্যাক্টরী আইন অনুসারে কর্মরত ২৬ দিনে মাস এবং ৮ ঘন্টায় দিন হিসাবে গণ্য করিতে হইবে)

By order of the President

SYED ANWARUL ISLAM

*Deputy Secretary.*

বিশেষ দ্রষ্টব্য : এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ, ১৯৮৫-এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

বিড়ি শিল্প প্রতিষ্ঠান সুপারিশ, ১৯৮৫

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৬(১) ধারা মোতাবেক বাংলাদেশ সরকার ১৯৮১ সনের ২৩শে ফেব্রুয়ারী নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের ভিত্তিতে বিড়ি শিল্পে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ঘোষণা করেন এবং উহা একই তারিখের গেজেটে যথাযথ বিজ্ঞপ্তিত হয়। উক্ত নিম্নতম মজুরী কোন কোন বিড়ি শিল্পে বাস্তবায়িত হয় এবং কোন কোন শিল্পের মালিক ও শ্রমিক পক্ষ ইহা তাহাদের স্বার্থের পরিপন্থী বলিয়া আপত্তি উত্থাপন করেন। এই অবস্থার প্রেক্ষিতে সরকার নিম্নতম মজুরী অধ্যাদেশের ৭ ধারা অনুযায়ী উক্ত ঘোষিত মজুরী পুনর্বিবেচনার জন্য ২৮শে সেপ্টেম্বর ১৯৮৩ তারিখের এস-দশ/২(১)/৮৩/৫২ নম্বর সরকারী বিজ্ঞপ্তি দ্বারা বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেন।

বোর্ড বিড়ি শিল্পের মজুরী সংক্রান্ত সুপারিশ পর্য্যালোচনা করার জন্য কয়েকটি মিটিং-এ মিলিত হন এবং একটি বিড়ি শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করেন। পরিদর্শনের অভিজ্ঞতার আলোকে এবং মালিক ও শ্রমিক পক্ষ হইতে প্রয়োজনীয় বক্তব্য শুনার পর বোর্ড বর্তমানে

প্রচলিত ফুরণভিত্তিক মজুরীর পাশাপাশি সার্বক্ষণিক শ্রমিকদের জন্য মাসিকভিত্তিক নিম্নতম মজুরী নির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করেন। অতঃপর বোর্ড ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৭ ধারা মোতাবেক বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করেন:

১। বাংলাদেশে অবস্থিত সমস্ত বিড়ি শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের বিভিন্ন পদবী, কাজের ধারা, প্রকৃতি, অভিজ্ঞতা, যোগ্যতা, শারীরিক পরিশ্রম ও কাজের ঝুঁকি ইত্যাদি বিবেচনাক্রমে তাহাদিগকে বিভিন্ন শ্রেণীতে এবং দুই আঞ্চলিক ভিত্তিতে গ্রেডভুক্ত করা হউক যাহা অত্রসাথে সংযোজিত "ক" পরিচ্ছেদে লিপিবদ্ধ করা হইয়াছে।

২। এই ঘোষণার পর হইতে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদ-বিন্যাস অনুযায়ী শ্রমিক/কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টার ভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন কারণে কোন পদ পরিচ্ছেদ "ক" এ উল্লেখ না থাকে তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ অবশ্যই উক্ত পদের মান ও শ্রেণী নির্ধারণক্রমে "ক" পরিচ্ছেদে বর্ণিত হারে নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডকে জানাইবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের কোন শ্রমিক/কর্মচারী কোন ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক/কর্মচারীও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য্য করিবেন।

৫। শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের "ক" পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না। এবং বর্তমানে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী দেওয়া হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথভাবে অধিকতর যোগ্যতাসম্পন্ন শ্রমিককে বিশেষ বা অন্য কোন কারণে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। অন্যান্য সুযোগ-সুবিধা ইত্যাদি যাহা বিড়ি শিল্প শ্রমিক/কর্মচারীগণ বর্তমানে ভোগ করিয়া আসিতেছেন তাহা অবশ্যই প্রচলিত থাকিবে তবে কিরূপে ধার্য্য হইবে তাহা মালিক ও শ্রমিক পক্ষ তাহাদের নিজেদের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে নির্ধারণ করিবেন।

স্বাক্ষর: খোন্দকার বদরুদ্দিন আহমেদ
চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

স্বা: ডঃ তাহেরুল ইসলাম
নিরপেক্ষ সদস্য।

স্বা: কে, এম, নাসিরুল হক
মালিক পক্ষের সদস্য।

স্বা: মকবুল আহমেদ,
শ্রমিক পক্ষের সদস্য।

স্বা: মোঃ ইব্রাহীম মিয়া
মালিক পক্ষের সদস্য।

স্বা: সৈয়দ বদরুদ্দোজা নাজনু
শ্রমিক পক্ষের সদস্য।

Printed by, Khandker Obaidul Muktader, Deputy Controller, Bangladesh Government Press Dhaka.
Published by Md. Abdul Matin Sirker, Deputy Controller, Bangladesh Forms and Publications Office, Tejgaon, Dhaka.